রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ৩, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৯ অগ্রহায়ণ ১৪২২/০৩ ডিসেম্বর ২০১৫

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.১৫.৩০৪ – নৌ-পরিবহন মন্ত্রণালয়ের সচিব জনাব শফিক আলম মেহেদী গত ১৯ জুন ১৯৮৩ তারিখে বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারে যোগদানপূর্বক সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে ৩০ নভেম্বর ২০১৫ তারিখে অবসর গ্রহণ করেছেন। চাকরিজীবনে তিনি মাঠপ্রশাসন, প্রশিক্ষণ-প্রতিষ্ঠান এবং বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত ছিলেন। তিনি বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর, যোগাযোগ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড ও বাংলাদেশ পর্যটন করপোরেশনের চেয়ারম্যানসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন। সচিব হিসাবে তিনি নৌ-পরিবহন মন্ত্রণালয়, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত ছিলেন। সুদীর্ঘ ৩২ বছরের কর্মজীবনে তিনি অত্যন্ত নিষ্ঠা, দক্ষতা ও পেশাদারিত্বের সঙ্গে দায়িত্ব পালন করেছেন। সরকারি কর্মকর্তা হিসাবে তাঁর দায়িত্ববোধ ও কর্তব্যপরায়ণতা প্রশংসনীয়।

২। দেশ ও জাতির সেবায় গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য জনাব শফিক আলম মেহেদীকে ধন্যবাদ জানিয়ে, তাঁর সর্বাঙ্গীণ কল্যাণ ও দীর্ঘায়ু কামনা করে এবং সরকারি চাকরি থেকে অবসর গ্রহণের পরও তিনি দেশের সেবায় নিয়োজিত থাকবেন মর্মে আশা প্রকাশ করে মন্ত্রিসভার ১৬ অগ্রহায়ণ ১৪২২/৩০ নভেম্বর ২০১৫ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গৃহীত হয়েছে।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উল্লিখিত প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব



**মূল্য ঃ** টাকা ৪.০০

## মন্ত্রিসভার ধন্যবাদ প্রস্তাব

১৬ অগ্রহায়ণ ১৪২২
ঢাকা:---------------------
৩০ নভেম্বর ২০১৫

নৌ-পরিবহন মন্ত্রণালয়ের সচিব জনাব শফিক আলম মেহেদী গত ১৯ জুন ১৯৮৩ তারিখে বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারে যোগদানপূর্বক সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে ৩০ নভেম্বর ২০১৫ তারিখে অবসর গ্রহণ করেছেন। চাকরিজীবনে তিনি মাঠপ্রশাসন, প্রশিক্ষণ-প্রতিষ্ঠান এবং বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত ছিলেন। তিনি বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর, যোগাযোগ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড ও বাংলাদেশ পর্যটন করপোরেশনের চেয়ারম্যানসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন। সচিব হিসাবে তিনি নৌ-পরিবহন মন্ত্রণালয়, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত ছিলেন। সুদীর্ঘ ৩২ বছরের কর্মজীবনে তিনি অত্যন্ত নিষ্ঠা, দক্ষতা ও পেশাদারিত্বের সঙ্গে দায়িত্ব পালন করেছেন। সরকারি কর্মকর্তা হিসাবে তাঁর দায়িত্ববোধ ও কর্তব্যপরায়ণতা প্রশংসনীয়। দেশ ও জাতির সেবায় গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য মন্ত্রিসভা জনাব শফিক আলম মেহেদীকে ধন্যবাদ জানাচ্ছে এবং তাঁর সর্বাঙ্গীণ কল্যাণ ও দীর্ঘায়ু কামনা করছে। মন্ত্রিসভা আশা প্রকাশ করছে যে সরকারি চাকরি থেকে অবসর গ্রহণের পরও তিনি দেশের সেবায় নিয়োজিত থাকবেন।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ড. মহিউদ্দীন আহমেদ (উপসচিব), উপপরিচালকের দায়িত্বে, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd